# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

# Bangladesh Class-III Govt. Employees Association

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

অস্থায়ী কার্যালয় ঃ ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ।
E-mail : info@bgeac3.com web:wwwbgeac3.com

# লিগ্যাল এইড কমিটির নীতিমালা ও কর্মপরিধি

**ভূমিকা ঃ** প্রজাতন্ত্রের সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য সরকারি কর্মচারী আচরণ বিধি, বিভিন্ন অধ্যাদেশ, বিশেষ অধ্যাদেশ ও নানাবিধ কালাকানুনের যাতাকলে বা কর্মকর্তা বা কর্তৃপক্ষের ক্ষমতার অপব্যবহারের কারণে অনেক সময় তৃতীয় ও ৪র্থ শ্রেণী সরকারি কর্মচারীগণ নানাবিধ হয়রানিমূলক বদলি, নির্যাতন, পদাবনতি, পদচ্যুত, চাকুরী থেকে অপসারিত, বরখাস্ত বা গুরুতর সাজাপ্রাপ্ত হয়ে থাকেন। এরূপ ঘটনায় অনেক নিরীহ কর্মচারী প্রশাসনিক ও আইনগত লড়াই করতে ব্যর্থ হয়ে চরম হতাশায় আত্মহত্যা, মানসিক ভারসাম্যহীন হয়ে পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েন। আবার অনেকে কায়িত শ্রম বা মর্যাদাহানীকর কাজ করে জীবিকা নির্বাহের চেষ্টা করেন। এ রকম অসহায় ও অমানবিক পরিস্থিতিতে সাংগঠনিক ভাবে তাদের আইনগত পরামর্শ ও আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্য নিয়ে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি ১২/১০/২০১২ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ক্রমিক ৫ (পাঁচ) এ লিগ্যাল এইড উপ-কমিটি নামে একটি কমিটি গঠন করা হয়।

**উপ-কমিটি ঃ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ নুরুন নবী<br>০১৭১৫-০১৩১৪৩ | সহ-সভাপতি, কেনিপ | সমুদ্র পরিবহন অধিদপ্তর | সাংগঠনিক অঞ্চল-২ | আহবায়ক |
| ০২। | জনাব তাপস কুমার সাহা<br>০১৭১২-২০৫২৯৭ | যুগ্ম মহাসচিব, কেনিপ | ক্যান্সার হাসপাতাল | সাংগঠনিক অঞ্চল-৭ | সদস্য সচিব |
| ০৩। | জনাব এ এইচ এম সাইয়াদুল করিম<br>০১৭১২-৮৩৫০৯৩ | সহ-সভাপতি, কেনিপ | মিটফোর্ড হাসপাতাল | সাংগঠনিক অঞ্চল-১ | সদস্য |
| ০৪। | জনাব মোঃ আবদুল গফুর<br>০১৭১৬-৪৯৭০০৭ | সহ-সভাপতি, কেনিপ | সওজ অধিদপ্তর | সাংগঠনিক অঞ্চল-৪ | সদস্য |
| ০৫। | জনাব মোঃ নজরুল ইসলাম<br>০১১৯০-৮৮০৯৯৪ | সহ-সভাপতি, কেনিপ | মৃত্তিকা সম্পদ ইনস্টিটিউট | সাংগঠনিক অঞ্চল-৯ | সদস্য |
| ০৬। | জনাব মোঃ আতাউর রহমান খান<br>০১৭৩০-০০০১৯০ | অতিরিক্ত মহাসচিব | মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর | সাংগঠনিক অঞ্চল-৬ | সদস্য |
| ০৭। | জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝি<br>০১৫৫২-৪০১৮৯৩ | সাঃ সম্পাঃ ঢামক ও যুগ্ম মহাসচিব, কেনিপ | শিক্ষা অডিট অধিদপ্তর | সাংগঠনিক অঞ্চল-৩ | সদস্য |
| ০৮। | জনাব মোঃ ফরিদুর রহমান<br>০১৯৪৭-৯৭৬৪২২ | যুগ্ম মহাসচিব, কেনিপ | বি জি প্রেস | সাংগঠনিক অঞ্চল-৮ | সদস্য |
| ০৯। | জনাব মোঃ আবদুল ওয়াদুদ<br>০১৯১৩-০০৪৭০০ | যুগ্ম মহাসচিব, কেনিপ | শ্রম অধিদপ্তর | সাংগঠনিক অঞ্চল-২ | সদস্য |
| ১০। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম<br>০১৭১৮-০৭২৩৩১ | সহকারী মহাসচিব, কেনিপ | ডাক অধিদপ্তর | সাংগঠনিক অঞ্চল-২ | সদস্য |
| ১১। | জনাব মোঃ মনিরুল ইসলাম<br>০১৮১৯-১৫৮০২৩ | সহকারী মহাসচিব, কেনিপ | ঢাকা মেডিক্যাল কলেজ | সাংগঠনিক অঞ্চল-১১ | সদস্য |
| ১২। | জনাব মোঃ রফিকুল ইসলাম মামুন<br>০১৭১২-২৬৩৯৪০ | সহকারী মহাসচিব, কেনিপ | ঢাকা মেডিক্যাল কলেজ | সাংগঠনিক অঞ্চল-৫ | সদস্য |
| ১৩। | জনাব মোঃ খতিবুর রহমান<br>০১৭১৬-০৩২৪০৬ | সহ-সভাপতি, ঢাকা মহানগর. কমিটি | কম্পিউটার কাউন্সিল | সাংগঠনিক অঞ্চল-১০ | সদস্য |

সমিতির ২৮/০৯/২০১৩ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ক্রমিক ৩ এবং ৪ এর মাধ্যমে এতদসংক্রান্ত নিম্নরূপ নীতিমালা অনুমোদন করা হয়। সিদ্ধান্ত ০৩ ঃ সভায় লিগ্যাল এইড উপ-কমিটি কর্তৃক প্রস্তাবিত লিগ্যাল এইড পরিচালনা সংক্রান্ত খসড়া নীতিমালাটি প্রয়োজনীয় সংশোধন সংযোজন করে চূড়ান্ত করার জন্য সমিতির সম্মানিত উপদেষ্টা (১) জনাব হারুন উর রশিদ ও (২) শাহ মোহাম্মদ শফিউল হক এবং উপ-কমিটির আহবায়ক ও সদস্য সচিব যথাক্রমে (৩) জনাব মোঃ নূরুন নবী ও (৪) জনাব তাপস কুমার সাহাকে অনুরোধ জানানো হয় এবং এ ৪(চার) জন নেতৃবৃন্দ কর্তৃক স্বাক্ষরিত সংশোধিত নীতিমালাটি চূড়ান্ত নীতিমালা হিসেবে গণ্য করে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত ০৪ ঃ সভায় লিগ্যাল এইড উপ-কমিটির প্রস্তাবের আলোকে এবং গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৬ (ছ) এবং অনুচ্ছেদ ১৭(ঙ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে **"বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি লিগ্যাল এইড কমিটি"** এ শিরোনামে বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকে হিসাব খোলা ও তহবিল সংরক্ষণের অনুমোদন দেওয়া হলো। অনুরূপ ব্যাংক হিসাবটি লিগ্যাল এইড কমিটির আহবায়ক ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। সমিতির সিদ্ধান্তক্রমে উক্ত লিগ্যাল এইড কমিটির আহবায়ক/সদস্য সচিব পরিবর্তিত হলে নতুন আহবায়ক/সদস্য সচিব এর স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে মর্মে সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**লিগ্যাল এইড উপ-কমিটির নীতিমালা ও কর্মপরিধি** (T.O.R).

০১। বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির গঠনতন্ত্রের অনুচ্ছেদ ৩(তিন) এর বিধানমতে সমিতির সদস্য/সদস্যবৃন্দ এবং অনুচ্ছেদ ৪(চার) এর বিধানমতে সাংগঠনিক ধাপসমূহের কোন নেতৃবৃন্দ সাংগঠনিক কার্যক্রমের কারণে বা কর্মচারীদের স্বার্থ সংরক্ষণ বা দাবী আদায়ে আন্দোলনের কারণে বা সংশ্লিষ্ট দাপ্তরিক কর্তৃপক্ষের হয়রানি বা নির্যাতনের শিকার হয়ে পদচ্যুত, পদাবনতি, চাকুরী থেকে অপসারিত বা বরখাস্ত বা অন্যকোন গুরুতর সাজাপ্রাপ্ত হলে, তাদের মধ্যে যারা সমিতির সদস্য হিসাবে এক বৎসর নিয়মিত চাঁদা প্রদান/লিগ্যাল এইড উপ-কমিটির তহবিলে এককালীন কমপক্ষে ১০০০ টাকা অনুদান প্রদান করেছেন, এরূপ সদস্য সমিতির পক্ষ হতে আইনগত সহায়তা ও তৎসংশ্লিষ্ট সম্ভাব্য আর্থিক অনুদান প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।

০২। ভুক্তভোগী সদস্য বিস্তারিত কারণ উল্লেখ করে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির কেন্দ্রীয় নির্বাহী পরিষদ/জেলা নির্বাহী পরিষদ/সাংগঠনিক আঞ্চলিক কমিটি/বিভাগীয় কমিটি/ঢাকা মহানগর কমিটির মাধ্যমে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভাপতির বরাবরে আবেদনপত্র প্রেরণ করবেন।

০৩। সভাপতি মহোদয় প্রাপ্ত আবেদনপত্র লিগ্যাল এইড উপ-কমিটিতে প্রেরণ করবেন। উপ-কমিটি আবেদনপত্র যাচাই বাছাই ও বাস্তবতার নিরীখে আইনগত সহায়তা ও তৎসংশ্লিষ্ট আর্থিক অনুদান নির্ণয় করে একটি প্রস্তাবনা/প্রতিবেদন কেন্দ্রীয় নির্বাহী পরিষদে দাখিল করবেন। লিগ্যাল এইড উপ-কমিটির সুপারিশ সম্বলিত প্রস্তাবনা/প্রতিবেদন কেন্দ্রীয় নির্বাহী

পরিষদের অনুমোদনক্রমে **"লিগ্যাল এইড উপ-কমিটি"** সংশ্লিষ্ট আবেদনকারীকে আইনী সহায়তা ও তৎসংশ্লিষ্ট আর্থিক অনুদান প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। ভুক্তভোগী সদস্যের বেতন ভাতা বন্ধসহ প্রশাসনিক ও আইনী জটিলতা দীর্ঘায়িত হলে আইনী সহায়তার পাশাপাশি মাসিক বেতন ভাতার সমপরিমাণ বা সম্ভাব্য প্রদেয় অর্থ প্রতিমাসে ঋণ সহায়তা হিসাবে সুদমুক্ত ঋণ প্রদান করার বিষয়ে বিবেচনা করবে। তবে শর্ত থাকবে যে, চাকুরীতে পুনর্বহাল হওয়ার পর গৃহীত ঋণ সহায়তার সমুদয় অর্থ ফেরৎ প্রদান করতে হবে।

০৫। সমিতির সদস্যদের স্বেচ্ছায় প্রদত্ত অনুদানে প্রাপ্ত অর্থ দ্বারা লিগ্যাল এইড উপ-কমিটির তহবিল গঠিত হবে। এছাড়া কেন্দ্রীয় নির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে কোন দানশীল/সমাজসেবী ব্যক্তিবর্গের স্বেচ্ছায় প্রদত্ত অনুদানের মাধ্যমে প্রাপ্ত অর্থেও তহবিল গঠন করা যাবে।

০৬। প্রয়োজনে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে লিগ্যাল এইড উপ-কমিটি নীতিমালা সংশোধন, পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে।

০৭। প্রতিমাসে অন্তত একবার লিগ্যাল এইড উপ-কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে গুরুত্ব বিবেচনায় ২৪ ঘন্টার মধ্যে সভা অনুষ্ঠান করা যাবে।

০৮। লিগ্যাল এইড উপ-কমিটির সদস্যবৃন্দ সংশ্লিষ্ট বিষয়ে দায়িত্ব পালন বা কাজের জন্য কেন্দ্রীয় নির্বাহী পরিষদের নিকট দায়ী থাকবেন।

০৯। আর্থিক সহায়তা প্রদানকল্পে গঠিত তহবিলের আয়-ব্যয়ের স্বচ্ছতা ও শৃংখলা রক্ষার জন্য বাংলাদেশের কোন তফসিল ব্যাংকে **"বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি লিগ্যাল এইড কমিটি"** এই শিরোনামে একটি পৃথক ব্যাংক হিসাব পরিচালিত হবে। লিগ্যাল এইড উপ-কমিটির আহবায়ক ও সদস্য সচিব এ দু'জনের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

১০। লিগ্যাল এইড কমিটির মূল স্লোগান হবে **"প্রত্যেকে আমরা প্রত্যেকের তরে"**।

স্বাঃ/০৮/১০/২০১৩/সভাপতি ও মহাসচিব, বাতসকস কেনিপ।

**তাপস কুমার সাহা**
যুগ্ম মহাসচিব, কেনিপ
ও
সদস্য সচিব
লিগ্যাল এইড উপ-কমিটি।

**মোঃ নূরুন নবী**
সহসভাপতি, কেনিপ
ও
আহ্বায়ক
লিগ্যাল এইড উপ-কমিটি।

বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির লিগ্যাল এইড উপ-কমিটি প্রকাশিত ও প্রচারিত।